

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন বাজেট-১।

অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৩৮/৯৪/৪৬৪

তারিখ :-২৪/০৫/০৪

পরিপত্র

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ৩০ জুন ১৯৯৭ বা তৎপূর্বে শুরু হয়ে সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পের যে সকল জনবল রাজস্ব খাতে স্থানান্তরের সুযোগ পাননি, তাদের নিম্নে বর্ণিত শর্তে এককালীন আর্থিক সুবিধা প্রদান করা যাবে :

(ক) উন্নয়ন প্রকল্পে স্কেলভিত্তিক পদে নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারী প্রকল্প সমাপ্তিতে রাজস্ব খাতে স্থানান্তরিত পদে স্থায়ী হওয়ার সুযোগ না পেলে এরূপ বাদ পড়া সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রকল্পে চাকুরীকালীন সময়ে প্রতি বছর চাকুরীর জন্য ২ মাসের (শেষ আহরিত মূল বেতনের ভিত্তিতে) সমপরিমাণ অর্থ আর্থিক সহায়তা হিসাবে প্রদান করা যাবে।

(খ) প্রকল্প চাকুরীকালসহ প্রকল্প-সমাপ্তির পর উন্নয়ন অনুবিভাগ থেকে রাজস্ব খাতে পদ স্থানান্তরের সম্মতি পত্র জারীর তারিখ পর্যন্ত চাকুরীকাল গণনার ভিত্তিতে এরূপ আর্থিক সহায়তা প্রদান করা যাবে।

(গ) উন্নয়ন অনুবিভাগ থেকে ৫/১১/২০০১ তারিখের পূর্বে জারীকৃত সম্মতিপত্র অনুযায়ী রাজস্ব খাতে স্থানান্তরিত প্রকল্পের বাদ পড়া জনবল এরূপ আর্থিক সুবিধা পাবেন না।

(ঘ) উপরের (ক) এ বর্ণিত আর্থিক সুবিধা প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে (রাজস্ব খাতে স্থানান্তরিত প্রকল্পে) অথবা মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে (যে ক্ষেত্রে প্রকল্পটি রাজস্ব খাতে স্থানান্তরিত হয় নাই) এককালীন প্রয়োজনীয় বরাদ্দ গ্রহণ করতে হবে।

স্বা/-

২৪/৫/২০০৪

(মোহাম্মদ আবদুল মজিদ)

যুগ্ম-সচিব (উন্নয়ন)

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য-সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। সচিব,মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।

অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৩৮/৯৪/৪৬৪

তারিখ :-২৪/০৫/০৪

- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,.....মন্ত্রণালয়/বিভাগ।
- ২। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

স্বা/-

(আব্দুর রউফ তালুকদার)

সিনিয়র সহকারী সচিব